

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ হজ্জ অফিস  
মক্কা আল-মোকাবেস, সৌদি আরব।

অতিব জরুরী  
হজ্জ সর্বোচ্চ অগ্রাধিকার

স্মারক নং বাহমি/হউ/এইচএমও-৫/২০১৩/ ৩৪৬

তারিখ : ১০.০৯.২০১৪ খ্রিঃ

### জরুরী নোটিশ

সকল এজেন্সী মালিক/ প্রতিনিধি (মোনাঞ্জেম) এর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও রাজকীয় সৌদি সরকারের সিদ্ধান্ত অনুযায়ী এ বছর হজ্জ পরবর্তী ফিরতি ফ্লাইটে হজ্জযাত্রীদের লাগেজ city check in এর মাধ্যমে ফ্লাইট এর ২৪ ঘন্টা পূর্বে এয়ার লাইন্স কর্তৃপক্ষকে সরবরাহ করতে হবে। তাই জরুরী ভিত্তিতে আগামী ২০.০৯.২০১৪ খ্রিঃ এর মধ্যে ফ্লাইট সিডিউল অনুযায়ী হজ্জযাত্রী সংখ্যা লিখিত ভাবে বাংলাদেশ হজ্জ অফিস, মক্কা ও মদিনায় জানানোর জন্য অনুরোধ হলো। এ বছর বিমান বন্দরের কাউন্টারে কোন লাগেজ গ্রহণ করা হবে না। এয়ার লাইন্স কর্তৃক নির্ধারিত ওজনের মালামাল এর অতিরিক্ত মালামালের জন্য কেজি প্রতি সৌঃরিঃ ৬০.০০(ষাট) হারে পরিশোধ করতে হবে। কোন হজ্জযাত্রীর লাগেজ নির্ধারিত সময়ে সরবরাহ করতে ব্যর্থ হলে সকল দায় দায়িত্ব হজ্জ এজেন্সীকে বহন করতে হবে।

এ বছর প্রথম বারের মত city check in এর ব্যবস্থা করা হয়েছে তাই সংশ্লিষ্ট সকল কে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হল।

১০.৯.১৪  
মোঃ জাহিদুল ইসলাম  
কনসাল (হজ্জ)  
বাংলাদেশ হজ্জ অফিস, মক্কা।  
ফোনঃ-০১২-৫৪১৩৯৮০